শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন।

# পীরগঞ্জ উপজেলা পরিষদ
## পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
## https://pirganj.thakurgaon.gov.bd

স্মারক নং- ৪৬.৫৫.৯৪৮২.০০৪.০৬.০০১.২৪-০৯ তারিখঃ ১৮ মাঘ ১৪৩০
০১ ফেব্রুয়ারি ২০২৪

## "নোটিশ"

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পীরগঞ্জ উপজেলা পরিষদের ফেব্রুয়ারি ২০২৪ খ্রিঃ মাসের মাসিক সভা আগামী ০৮-০২-২০২৪ খ্রিঃ তারিখ রোজ- বৃহস্পতিবার, সকাল ১১:০০ ঘটিকায় উপজেলা পরিষদ সভা কক্ষে উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হবে।

সভায় আপনাকে কার্যপত্রসহ যথা সময়ে উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা হলো।

**আলোচ্য সূচি :**

১। এডিপিসহ বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের অগ্রগতি ও বাস্তবায়ন সম্পর্কে আলোচনা।
২। বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা ও
৩। বিবিধ।

স্বাক্ষরিত/-
(মোঃ রমিজ আলম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
পীরগঞ্জ উপজেলা পরিষদ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

**বিতরণ : কার্যার্থে :**

১। ............................................................, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
২। চেয়ারম্যান ............................................., (সকল) ইউ.পি, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
৩। ............................................................।

স্মারক নং- ৪৬.৫৫.৯৪৮২.০০৪.০৬.০০১.২৪-০৯ তারিখঃ ১৮ মাঘ ১৪৩০
০১ ফেব্রুয়ারি ২০২৪

**অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ**

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য-৫, ঠাকুরগাঁও-৩।
২। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
৪। ভাইস-চেয়ারম্যান/মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
৫। অফিস কপি।

1/02/2024
(মোঃ রমিজ আলম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
পীরগঞ্জ উপজেলা পরিষদ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

মোঃ শফিকুল ইসলাম রাজিব, সি.এ./উপজেলা পরিষদ কার্যালয়/পীরগঞ্জ/ঠাকুরগাঁও/মাসিক সভার নোটিশ/উমাস/ফেব্রুয়ারি ২০২৪

উপস্থিত উপদেষ্টা মন্ডলী:

১. জনাব হাফিজউদ্দীন আহম্মেদ
মাননীয় জাতীয় সংসদ সদস্য-৫, ঠাকুরগাঁও-৩ →

২. জনাব মো: ইকরামুল হক, মেয়র, পীরগঞ্জ পৌরসভা →

৩. জনাব সুকুমার রায়, ভাইস চেয়ারম্যান, উপ: পরি: →

৪. জনাব ভারতী রানী রায়, মহিলা ভাইস চেয়ারম্যান, উপ: →

ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের স্বাক্ষর:

১. চেয়ারম্যান, ১ নং ভোমরাদহ ইউ. পি. →

২. চেয়ারম্যান, ২ নং কোষারাণীগঞ্জ ইউ. পি. →

৩. চেয়ারম্যান, ৩ নং খনগাঁও ইউ. পি. →

৪. চেয়ারম্যান, ৫ নং সৈয়দপুর ইউ. পি. →

৫. চেয়ারম্যান, ৬ নং পীরগঞ্জ ইউ. পি. →

৬. চেয়ারম্যান, ৭ নং হাজীপুর ইউ. পি. →

৭. চেয়ারম্যান, ৮ নং দৌলতপুর ইউ. পি. →

৮. চেয়ারম্যান, ৯ নং সেনগাঁও ইউ. পি. →

৯. চেয়ারম্যান, ১০ নং জাবরহাট ইউ. পি. →

১০. চেয়ারম্যান, ১১ নং বৈরচুনা ইউ. পি. →

তারিখ: ০৮-০২-২০২৪ খ্রি:
সময়: ১১-০০টা। ৩৪

উপস্থিত কর্মকর্তা ও অন্যান্যবৃন্দের দস্তখত:

| ক্রমিক নং | নাম ও পদবী | দস্তখত |
|---|---|---|
| ০১। | মো: সাইফুল ইসলাম - UAO | [signature] |
| ০২। | মো: [illegible] মোশাররফ, SUFO | [signature] |
| ০৩। | ডা: মো: মিজানুর রহমান, Consultant Anaesthesia | [signature] |
| ০৪। | ডা: মো: সোহেল রানা, VS, Pirganj | [signature] |
| ০৫। | সুমিত গুপ্ত, AP, DoICT | [signature] |
| ০৬। | মো: হাবিবুল ইসলাম, UEO, Pirganj | [signature] |
| ০৭। | মো: ফারুক হোসাইন, পরিসংখ্যান কর্মকর্তা | [signature] |
| ০৮। | মো: [illegible] মিয়া, [illegible] পীরগঞ্জ পল্লী বিদ্যুৎ | [signature] |
| ০৯। | মো: নাহিদ সুলতান (ইউ-আই) - আনসার ও ভিডিপি | [signature] |
| ১০। | নাদিরা আক্তার, উপজেলা প:প: কর্মকর্তা, পীরগঞ্জ | [signature] |
| ১১। | মোঃ মেহেদী হাসান, SAE, DPHE | [signature] |
| ১২। | মোঃ জিয়াউল হক সরকার, UCF | [signature] |
| ১৩। | মোছা: মুন্নি আক্তার [illegible] উপজেলা তথ্যকেন্দ্র পীরগঞ্জ | [signature] |
| ১৪। | মোছাঃ দিলারা ইয়াসমিন - উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | [signature] ০৮.০২.২৪ |
| ১৫। | এস, এম, জসীম উদ্দিন, [illegible] | [signature] |
| ১৬। | মো: [illegible] [illegible] অফিস S.I.P.C | [signature] |
| ১৭। | আলমগীর মো: রুহুল ইসলাম, সহকারী প্রকৌশলী, বরেন্দ্র কর্তৃপক্ষ | [signature] |
| ১৮। | মো: আব্দুল মজিদ - সহ: যুব উন্নয়ন কর্মকর্তা - | [signature] |
| ১৯। | মো: জাহাঙ্গীর আলম, P.I.O | [signature] |
| ২০। | বিদ্যুৎ কুমার [illegible] [illegible] (অতি:) | [signature] |
| ২১। | আহমেদ হোসেন, উপজেলা সমবায় অফিসার | [signature] |
| ২২। | মো: আ: রাশেদ ([illegible]) BRDB | [signature] |
| ২৩। | মো: সাইদুল ইসলাম — LGED | [signature] |

শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন।

# উপজেলা পরিষদ পীরগঞ্জ, ঠাকুরগাঁও'র ফেব্রুয়ারি ২০২৪ খ্রি: মাসের মাসিক সভার কার্যবিবরণী ঃ

**সভাপতি** ঃ মোঃ আখতারুল ইসলাম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

**তারিখ** ঃ ০৮-০২-২০২৪ খ্রিঃ

**সময়** ঃ সকাল ১১:০০ টা।

**স্থান** ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।

**পরিশিষ্ট - 'ক'**- সভায় উপস্থিত সদস্য বৃন্দ, **পরিশিষ্ট - 'খ'**- সভায় অনুপস্থিত সদস্য বৃন্দ

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর সভাপতি সভার কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার সভার শুরুতে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কার্যবিবরণীতে কোনরূপ সংশোধন বা বিয়োজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। অতঃপর বিভিন্ন বিভাগের উন্নয়নমূলক কার্যক্রম বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয় :

| ক্রঃ নং | বিভাগের নাম | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত/বাস্তবায়নকারী কর্তৃপক্ষ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে। | উপজেলা প্রকৌশলী পীরগঞ্জ। |
| ০২ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা'র প্রতিনিধি সভায় জানান যে, জরুরী বিভাগে সেবা প্রাপ্ত মোট রোগীর সংখ্যা ৫৯৫ জন, বহি: বিভাগে সেবা প্রাপ্ত মোট রোগীর সংখ্যা ৩,৮৯২ জন, অন্ত: বিভাগে সেবা প্রাপ্ত মোট রোগীর সংখ্যা ৮০০ জন, নরমাল ডেলিভারীর সংখ্যা ৮৬ টি, এ.এন.সি. সেবা প্রদান করা হয়েছে ৫৩৩ জনকে, পি.এন.সি. সেবা প্রদান করা হয়েছে ১৭২ জনকে। ডায়রিয়া বা অজ্ঞাত রোগের প্রাদুর্ভাব নাই। তিনি আরও জানান, উপজেলায় ১০ টি ইউনিয়নে মোট ২৮ টি কমিউনিটি ক্লিনিক চালু রয়েছে। কমিউনিটি ক্লিনিকসমূহে যথেষ্ট পরিমাণে ঔষধ সরবরাহ রয়েছে। মাঠ পর্যায়ে EPI কাজের অর্জন ১০০%। | হাসপাতাল দালালমুক্তসহ ও বিভিন্ন রকম ওষুধ কোম্পানীর প্রতিনিধিকে নিরুৎসাহিত করণের বিষয়ে প্রয়োজনীয় কার্যকর উদ্যোগ গ্রহণ করতে হবে এবং সেবার মান বৃদ্ধি করতে হবে। | ১) সহকারী কমিশনার (ভূমি) ২) উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ০৩ | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পঃ পঃ কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তাঁর দপ্তরের কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন নিম্নরূপঃ (১) সক্ষম দম্পতি- ৫১,০৭৭ জন, (২) মোট গ্রহণকারী- ৪০,৬৭১ জন, (৩) খাবার বড়ি - ২২,৯৯৮ জন (৪) কনডম- ২,১৪৩ জন (৫) ইনজেকটেবলস্ (ভায়াল)- ৮২৯০ (৬) আইইউডি- ১৫ (৭) ইমপ্ল্যানন- ১৩৮ (৮) স্থায়ী পদ্ধতি (পুরুষ)- ০১ জন (৯) স্থায়ী পদ্ধতি (মহিলা)- ০৩ জন (১০) মোট ব্যবহারকারী- ৩৭,২৫৮ জন (১১) পদ্ধতি গ্রহণকারীর হার- ৭৯.৬২% (১৪) মোট জনসংখ্যা- ২,৪৩,৫৩৫ জন (আদমশুমারী অনুযায়ী)। | শিশু জন্মের ৪৫ দিনের মধ্যে অবশ্যই জন্ম নিবন্ধন করার বিষয়ে জনসচেতনতা বাড়াতে হবে এবং প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ১) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ২) উপজেলা প্রকৌশলী ৩) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, (সকল) পীরগঞ্জ। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৪ | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, চলতি রবি ২০২৩-২৪ খ্রিঃ মৌসুমে বোরো আবাদ লক্ষমাত্রা ১২,৩০০ হেঃ নির্ধারণ করা হয়েছে। উৎপাদন ও আবাদ বৃদ্ধির জন্য কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে। কৃষকদের উঠান বৈঠক/দলীয় সভার মাধ্যমে কৃষি উৎপাদন বৃদ্ধিতে করণযি বিষয়ে নিয়মিত পরামর্শ প্রদান করা হচ্ছে। খামার যান্ত্রিকীকরণ বৃদ্ধিতে ইতোমধ্যে ০৫ টি কম্বাইন হার্ভেষ্টার যন্ত্র বিতরণ করা হয়েছে। বোরো আবাদ বৃদ্ধিতে প্রণোদনা কর্মসূচির আওতায় বোরো আবাদের জন্য বজিতলা স্থাপন করা হয়েছে। সেচ খরচ হ্রাসে যেখানে ০২ একর জমিতে AWD পদ্ধতি ও খামারী অ্যাপের মাধ্যমে সার প্রয়োগের ট্রায়াল প্রদর্শনী স্থাপন করা হবে। সার পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। বর্তমানে অদ্য পর্যন্ত ৫৭২ মেঃ টন ইউরিয়া, ২৫৬ মেঃ টন টিএসপি, ৫৯৬ মেঃ টন ডিএপি ও ৩৯২ মেঃ টন এমওপি সার মজুদ রয়েছে। এছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে। | উপজেলা কৃষি কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ০৫ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা'র প্রতিনিধি সভায় জানান যে, বিভাগীয় সকল কার্যক্রম- চিকিৎসা, টিকা প্রদান, কৃত্রিম প্রজনন, প্রশিক্ষণ, উঠান বৈঠক ও অন্যান্য সম্প্রসারণ কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।<br>১। গবাদি পশুর চিকিৎসা = ৩,৭০৪ টি<br>২। হাঁস-মুরগীর চিকিৎসা = ২০,১৬৯ টি<br>৩। গবাদি পশুর টিকা প্রদান = ১,২০০ টি<br>৪। হাঁস- মুরগীর টিকা প্রদান = ৩০,০০০ টি<br>৫। কৃত্রিম প্রজনন = ২,৩৯৪ টি<br>৬। খামারী প্রশিক্ষণ = ৩৩০ জন<br>৭। উঠান বৈঠক = ০৫ টি<br>৮। ফ্রি ভেটেরিনারি মেডিকেল ক্যাম্প প্রদান = ০১<br>৯। খামার/ফিডমিল/হ্যাচারী পরিদর্শন = ১০ টি।<br>তিনি আরও জানান, গত বছরের ন্যায় এবারও লাম্পি স্কিন রোগের প্রাদুর্ভাব দেখা দিতে পারে। তাই, যথাসময়ে উক্ত রোগের টিকা প্রয়োগের জন্য অনুরোধ করা যাচ্ছে। | প্রাণিসম্পদের উৎপাদন বৃদ্ধি করতে হবে এবং নিয়মিতভাবে কৃমিনাশক ও ভ্যাক্সিনেশন ক্যাম্পেইন পরিচালনা করতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ০৬ | উপজেলা মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, ফেব্রুয়ারি/২৪ খ্রিঃ মাসে ১৮ (আঠারো) জন মৎস্য চাষিকে আধুনিক মাছ চাষ প্রযুক্তি বিষয়ক ও ০৫ (পাঁচ) জন মৎস্য চাষিকে রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধে মৎস্য খামার ও পুকুর পরিদর্শনপূর্বক পরামর্শ প্রদান করা হয়। উত্তম মৎস্য চাষ অনুশীলনে (Good Aquaculture Practice) চাষ পুকুরে লিটার (পোল্ট্রি বর্জ্য) প্রয়োগ বন্ধে আলোচনা হয়। টাঙ্গন নদীতে বিভিন্ন জায়গায় ঝোঁপ-ঝাড় ও বাঁশ দিয়ে কাঁঠা যেন স্থাপন না করা হয় সেজন্য সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হয়। উল্লেখ্য যে, মৎস্য সুরক্ষা ও সংরক্ষণ আইন, ১৯৫০ অনুযায়ী, নদী-নালা, খাল-বিলে ঝোপঝাড়, বাঁশ ইত্যাদি দ্বারা কাঁঠা তৈরি করে অস্থায়ী/স্থায়ী স্থাপনার মাধ্যমে অর্থাৎ গাড়া জাল, বেড় জাল, বানা ইত্যাদি মাধ্যমে মৎস্য আহরণ নিষিদ্ধ ও দন্ডনীয় অপরাধ। মাছের অবাধ বিচরণ নির্বিঘ্ন রাখার লক্ষ্যে চায়না দুয়ারী জালসহ সকল অবৈধ জাল/অবকাঠামো (Fixed Engine) অপসারণ বিষয়ে আলোচনা হয়। বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা, পীরগঞ্জ। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৭ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, আগামী ১৫-০২-২০২৪ খ্রি: তারিখে এসএসসি, দাখিল ও কারিগরি ভোকেশনাল (দাখিল ও এসএসসি ভোক:) পরীক্ষা মোট ০৭ টি কেন্দ্রে অনুষ্ঠিত হবে। মোট শিক্ষার্থী সংখ্যা ৪,৪৫০ জন। ২০২৪ খ্রি: সালের মাধ্যমিক, এবতেদায়ী ও দাখিলস্তরের সকর বিষয়ের পাঠ্যপুস্তক NCTB কর্তৃক পাওয়া গেছে। উক্ত বইসমূহ শিক্ষা প্রতিষ্ঠানে চাহিদা মোতাবেক বিতরণ সম্পন্ন হয়েছে। এছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | এসএসসি, দাখিল ও কারিগরি ভোকেশনাল (দাখিল ও এসএসসি ভোক:) পরীক্ষা যেন সুষ্ঠুভাবে অনুষ্ঠিত হয়, সে বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ০৮ | উপজেলা শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, প্রাথমিক শিক্ষা পদক ২০২৪ বিদ্যালয় ও ইউনিয়ন পর্যায়ে চলমান রয়েছে। খুব শিঘ্রই সম্ভাব্য ১৮ ও ১৯ ফেব্রুয়ারি উপজেলা পর্যায়ে শুরু হবে। ইউনিয়ন পর্যায়ের সভাপতি হলেন ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মহোদয়গণ। সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মহোদয়গণকে খেলায় সহযোগিতা করার জন্য অনুরোধ করা হলো। ২১ ফেব্রুয়ারি ২০২৪ যথাযোগ্য মর্যাদায় পালনের জন্য সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণকে নির্দেশনা প্রদান করা হয়েছে। সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণকে জাতীয় পতাকার রং ও মাপ ঠিক রেখে লোহার দন্ডের উপর উড্ডয়নের নির্দেশনা প্রদান করা হয়েছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে পরিচালিত হচ্ছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ০৯ | উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, ইতোমধ্যে বিভিন্ন ভাতার বরাদ্দ পাওয়া গেছে। তিনি অনলাইনে প্রাপ্ত তালিকাসমূহ অনুমোদনের জন্য চেয়ারম্যান মহোদয়কে অনুরোধ জানান। তালিকাটি অগ্রাধিকারক্রম অনুযায়ী করতে হবে। এছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং করতে হবে। | ১) উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ১০ | পুলিশ বিভাগ | অফিসার-ইন-চার্জ, পীরগঞ্জ থানা'র প্রতিনিধি সভায় জানান যে, মোট রুজুকৃত মামলা ২৬ টি। এছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | অপরাধ প্রবণতার ক্রম হ্রাসমান হার অব্যাহত রাখতে হবে। | অফিসার-ইন-চার্জ, থানা, পীরগঞ্জ । |
| ১১ | উপজেলা খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন :<br>**পীরগঞ্জ :**<br>চাল আমন ২০২৩-২৪: ৩৫৪৯.৩০০ মে:টন, চাল বোরো ফলিত ২০২৩: ২০২৯.১৬৫ মে:টন। সর্বমোট চাল ৫৫৭৮.৪৬৫ মে: টন, গম আমদানিকৃত ৬৩.৩২৩ মে:টন, ধান আমন ৬৯.০০০ মে:টন ও সর্বমোট খালি বস্তা ৪৮,২২৭ খানা।<br>**ভোমরাদহ :**<br>চাল বোরো ২০২৩: ৫২৫.৭৭৭ মে:টন, চাল আমন ২০২৩-২৪: ২৬৭.৯৩০০ মে:টন। সর্বমোট চাল ৭৯৩.৭০৭ মে: টন, ধান আমন ২০২৩-২৪: ৫৭.০০০ মে:টন ও সর্বমোট খালি বস্তা ৬,৭৮৪ খানা। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, পীরগঞ্জ। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১২ | **উপজেলা ত্রাণ বিভাগ** | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২৩-২৪ খ্রিঃ অর্থ বছরের ১ম পর্যায়ের টিআর, কাবিখা/কাবিটা প্রকল্পের কার্যক্রম শতভাগ শেষ হয়েছে। ২য় পর্যায়ের টিআর, কাবিখা/কাবিটা প্রকল্পের কার্যক্রম চলমান রয়েছে। ৪০ দিনের কর্মসূচির ১ম পর্যায়ের কার্যক্রম শেষ হয়েছে। ২ কি:মি: এইচবিবি প্রকল্পের কার্যক্রম চলমান রয়েছে। শীত বস্ত্র (কম্বল) ৬,১৯০ টি বরাদ্দ পাওয়া গিয়েছিল, যা যথাসময়ে ইউ.পি. চেয়ারম্যান ও উপজেলা প্রশাসনের মাধ্যমে বিতরণ করা হয়েছে। এছাড়াও বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে। | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, পীরগঞ্জ।** |
| ১৩ | **উপজেলা মহিলা বিষয়ক বিভাগ** | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন ঃ<br>**১। ভালনারেবল উইমেন বেনেফিট (ভিডব্লিউবি) কার্যক্রম :** এই কর্মসূচির আওতায় ২০২৩-২০২৪ চক্রের উপকারভোগী মোট ২,৫৫৮ জন। জানুয়ারি ২০২৪ এবং ফেব্রুয়ারি ২০২৪ মাসের ডিও প্রদান করা হয়েছে এবং খাদ্য বিতরণ চলমান রয়েছে।<br>**২। মা ও শিশু সহায়তা তহবিল :** ২০২৩-২০২৪ অর্থবছরের "মা ও শিশু সহায়তা তহবিল" কর্মসূচির আওতায় জুলাই ২০২৩ হতে জানুয়ারি ২০২৪ পর্যন্ত ০৬ মাসের মোট ৫১১ জন ভাতাভোগীর ডাটা এন্ট্রি সম্পন্ন হয়েছে।<br>**৩। মহিলাদের আত্মকর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রম :** মহিলাদের আত্মকর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রম এর আওতায় মোট ৩২১ জন মহিলাকে ঋণ প্রদান করা হয়েছে। ঋণ আদায়ের হার ৭৪%। ২০২২-২০২৩ অর্থবছরে ১০ জন ঋণ গ্রহিতাকে ৪,২০,০০০/- টাকা ঋণ প্রদান করা হয়। ঋণ আদায়ের হার ১০০%।<br>**৪। মহিলা প্রশিক্ষণ কেন্দ্র (WTC) :** "আধুনিক দর্জিবিজ্ঞান ও এমব্রয়ডারী" ট্রেডে জানুয়ারি/২৪ হতে মার্চ/২৪ পর্যন্ত ৩০ (ত্রিশ) জন প্রশিক্ষণার্থীর প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে।<br>**৫। কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প :** অত্র উপজেলায় ১১ টি কিশোর কিশোরী ক্লাবের কার্যক্রম চলমান রয়েছে। জানুয়ারি ২০২৪ হতে ডিসেম্বর ২০২৪ পর্যন্ত ৪র্থ (চতুর্থ) ব্যাচে নতুন ক্লাব সদস্য ভর্তি করা হয়েছে। প্রতি ক্লাব সদস্যদের ৩০ টাকা হারে পুষ্টিকর/স্বাস্থ্যসম্মত নাস্তা সরবরাহ করা হচ্ছে।<br>**৬। উঠান বৈঠক/আলোচনা সভা :** যৌতুক, বাল্যবিবাহ, মানব পাচার এবং নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে সভা ও উঠান বৈঠক কার্যক্রম অব্যাহত আছে। এছাড়া দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | সকল ভাতা যেন নীতিমালা অনুযায়ী হয়, সে বিষয়ে মনিটরিং জোরদার করতে হবে। | **উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, পীরগঞ্জ।** |

<table>
<tr><td>১৪</td><td>উপজেলা জনস্বাস্থ্য বিভাগ</td><td>উপজেলা জনস্বাস্থ্য বিভাগের উপঃ সহকারি প্রকৌশলী সভায় জানান যে, ২০২২-২৩ খ্রিঃ অর্থ বছরের PEDP-4 প্রকল্পের আওতায় ২১ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে WASH BLOCK নির্মাণ কাজ। ৫ম ধাপে মুজিব-১০০ প্রকল্প থেকে ২০টি অগভীর তারা নলকূপ স্থাপন কাজ চলমান রয়েছে। ২০২৩-২৪ খ্রিঃ অর্থ বছরের PSWSC প্রকল্পের আওতায় ২৬০ টি অগভীর নলকূপের মধ্যে ২২০ টি ৬নং হ্যান্ড পাম্পযুক্ত অগভীর নলকূপ স্থাপন কাজ এবং ৪০ টি ৬নং হ্যান্ড পাম্পযুক্ত অগভীর তারা নলকূপ স্থাপন কাজ চলমান রয়েছে। এছাড়া দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে।</td><td>চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে।</td><td>সহঃ প্রকৌশলী জনস্বাস্থ্য কর্মকর্তা, পীরগঞ্জ।</td></tr>
<tr><td>১৫</td><td>উপজেলা সমবায় বিভাগ</td><td>উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, উপজেলার বর্তমান বৎসরে ২৮ টি সমবায় সমিতি নির্বাচন অনুষ্ঠিতহবে। বর্তমান অর্থ বছরে (২০২১-২২) অডিট ফি (রাজস্ব) ১১১৬০০/-টাকা এবং সরকারি ভ্যাট ১৬,৭৪৮/- টাকা। সরকারি কোষাগারে ট্রেজারী চালানের মাধ্যমে জমা করা হয়। সমবায় উন্নয়ন তহবিল ১,৭৭,৫৫৩/- টাকা অনলাইন ডিডির মাধ্যমে জমা করা হয়। এছাড়াও অন্যান্য বিভাগীয় কার্যক্রম যথারিতি চলছে। এছাড়াও জনগাঁও আশ্রায়ণ প্রকল্প ফেইজ-২ পকল্পে, ৯৬ জন সদস্যের মাঝে ক্রমপুঞ্জিভূত ১৫,৬৫,০০০/- টাকা বিভিন্ন ট্রেডে ক্ষুদ্র ঋণ বিতরণ করা হয়েছে। আলোচ্য মাসে আদায় আসল ০০ টাকা এবং সার্ভিজ চার্জ ০০ টাকা। মোট আসল আদায় ১০,০১,০৯৬/- টাকা এবং সার্ভির্স চার্জ ৮১,৯১১/- টাকা। অনাদায়ী টাকা আদায়ের জোড় প্রচেষ্টা চলছে। আদায়ের শতকরা হার ৬৫%।</td><td>চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে।</td><td>উপজেলা সমবায় কর্মকর্তা, পীরগঞ্জ।</td></tr>
<tr><td>১৬</td><td>উপজেলা যুব উন্নয়ন বিভাগ</td><td>উপজেলা সহঃ যুব উন্নয়ন কর্মকর্তা সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন :
<table>
<tr><td>মোটা ঋণ তহবিল</td><td>১৫৬৮৮৮৫০/-</td></tr>
<tr><td>চলতি অর্থ বছরে ঋণ বিতরণ</td><td>১৯৪১০০০/-</td></tr>
<tr><td>চলতি অর্থ বছরে আদায়</td><td>১৪৬৪০৫৩/-</td></tr>
<tr><td>চলতি আদায়ের হার</td><td>৯৮%</td></tr>
<tr><td>চলতি অর্থ বছরে ঋণীর সংখ্যা</td><td>৫৪ জন</td></tr>
<tr><td>চলতি অর্থ বছরে প্রশিক্ষণ প্রাপ্ত</td><td>৩০০ জন</td></tr>
<tr><td>চলতি অর্থ বছরে আত্নকর্মি</td><td>৬৩ জন</td></tr>
<tr><td>ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ</td><td>১৬১৭৯২৫০০/-</td></tr>
<tr><td>ক্রমপুঞ্জিত আদায়যোগ্য</td><td>১৫৯৩৯০৫০০/-</td></tr>
<tr><td>ক্রমপুঞ্জিত আদায়</td><td>১৫৬৫৫৩১২৭/-</td></tr>
<tr><td>ক্রমপুঞ্জিত আদায়ের হার</td><td>৯৮%</td></tr>
<tr><td>ক্রমপুঞ্জিত ঋণীর সংখ্যা</td><td>২৯৫২০ জন</td></tr>
<tr><td>ক্রমপুঞ্জিত প্রশিক্ষণ প্রাপ্ত</td><td>৯৭৪৩ জন</td></tr>
<tr><td>ক্রমপুঞ্জিত আত্নকর্মি</td><td>৪৭৮৪ জন</td></tr>
</table>
এছাড়া দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে।</td><td>চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে।</td><td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, পীরগঞ্জ।</td></tr>
</table>

<table>
<tr><td>১৭</td><td>উপজেলা পরিসংখ্যান বিভাগ</td><td>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন :<br>১। ০৩ (তিন) টি অস্থায়ী ফসলের হিসাব নিরুপন ।<br>২। উপজেলা অন্তর্গত ০৫ (পাঁচ ) টি দাগগুচ্ছ হতে আলু ফসল নমুনা কর্তণ তালিকা প্রস্তুত ।<br>৩। উপজেলা অন্তর্গত ৩২ টি দাগগুচ্ছ হতে ১ম পর্ব তথ্য সংগ্রহ ।<br>৪। সমগ্র উপজেলায় ১০ জন কৃষক অথবা কৃষি দিনমজুরের সাক্ষাৎকারের ভিত্তিতে মাসিক কৃষি দিনমজুরের হার নিরুপন ।<br>৫। সমগ্র উপজেলায় আলু ফসলের ২য় পূর্বাভাস জরিপ (অংশ-২)<br>এছাড়া দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে।</td><td>চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে।</td><td>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, পীরগঞ্জ।</td></tr>
<tr><td>১৮</td><td>উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা'র প্রতিনিধি সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন :<br>
<table>
<tr><th>প্রকল্পের নাম</th><th>ক্র:পুঞ্জিভুত মোট বিতরণ</th><th>চলতি মাসে আদায়</th><th>ক্র:পুঞ্জিভুত মোট আদায়</th><th>খেলাপি/ আদায় যোগ্য</th><th>ক্র:পুঞ্জিভুত ঋণ আদায়ের হার</th><th>সদস্য সংখ্যা</th></tr>
<tr><td>পল্লী প্রগতি প্রকল্প</td><td>১৫৭.২৩</td><td>.৭৮</td><td>১২৬.৪০</td><td>১৪০.২২</td><td>৮৭%</td><td>৩৬৯</td></tr>
<tr><td>আবর্তক কৃষি</td><td>৬৭.৩৭</td><td>.৮২</td><td>৫৮.৭৫</td><td>৪৪.৩২</td><td>১০০%</td><td>১১০</td></tr>
<tr><td>অসচ্ছল মুক্তিযোদ্ধা</td><td>২২.০৬</td><td>-</td><td>২২.৫০</td><td>১৫.৩৪</td><td>৮৭%</td><td>৭৫</td></tr>
<tr><td>গুচ্ছগ্রাম</td><td>৩.৭৫</td><td>-</td><td>৩.৩০</td><td>৩.৭৫</td><td>৮৮%</td><td>৫০</td></tr>
<tr><td>মোট</td><td>২৪৫.৯৫</td><td>১.০০</td><td>২০৮.২৭</td><td>২০২.৬৩</td><td>৯২%</td><td>৬০০</td></tr>
</table>
এছাড়া দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে।</td><td>চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে।</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, পীরগঞ্জ।</td></tr>
<tr><td>১৯</td><td>উপজেলা বন বিভাগ</td><td>উপজেলা বন (ভারপ্রাপ্ত) কর্মকর্তা সভায় জানান যে, ২০২৩-২৪ খ্রি: অর্থ বছরে বাগান সৃজন ও রক্ষণাবেক্ষণ চলমান। অবৈধভাবে তৈরী হওয়া করাত কলগুলির বিরুদ্ধে অভিযান চলমান রয়েছে। অতিথি পাখি উদ্ধার কাজ ও অবৈধভাবে পাখি শিকার রোধে কার্যক্রম চলমান রয়েছে। এছাড়াও দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে।</td><td>চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং করতে হবে।</td><td>এসএফপিসি, পীরগঞ্জ।</td></tr>
<tr><td>২০</td><td>উপজেলা বরেন্দ্র বিভাগ</td><td>সহকারী প্রকৌশলী, বিএমডিএ, সভায় জানান যে, বর্তমানে মোট ২৬৬ টি সেচ যন্ত্র মাঠে ব্যবহার হচ্ছে। এর মধ্যে গভীর নলকূপ ২১৩ টি, বিদ্যুৎ চালিত এলএলপি ৩৭ টি এবং সোলার এলএলপি ১৬ টি। বিএমডিএ এর সেচের আওতায় প্রায় ২,৭২৫ হেক্টর জমিতে রবি মৌসুমের বিভিন্ন ফসল রয়েছে এবং প্রায় ৪৬৫ হেক্টর জমিতে বোরো আবাদ চলমান রয়েছে। উপকারভোগী কৃষক পরিবার রয়েছে প্রায় ৮,২২৫ টি। চলতি বোরো মৌসুমে সেচ যন্ত্রগুলি পরিচালনার নিমিত্তে বিভিন্ন সংস্কার কাজ চলমান রয়েছে। সর্বপরি বিএমডিএ, পীরগঞ্জ উপজেলা পরিচালিত সেচ পরিস্থিতি স্বাভাবিক এবং সন্তোষজনক রয়েছে। তিনি আরও জানান যে, "বৃহত্তর দিনাজপুর ও জয়পুরহাট জেলায় সেচ সম্প্রসারণ প্রকল্পের আওতায় সোনাকুড়ি বিলের পানি নিস্কাশন কাজ শেষ হয়েছে। প্রকল্পটির অন্যান্য কার্যক্রমের মধ্যে চারটি সরকারি পুকুর খননের লক্ষ্যমাত্রা পাওয়া গেছে এবং জরিপ কাজ শেষ হয়েছে।<br>তিনি আরও জানান যে, জাবরহাট ইউনিয়নের পাঁচটি বিলের জলাবদ্ধতা দূরীকরণ পূর্বক বিলগুলিকে আবাদের আওতায় আনার জন্য প্রকল্প প্রস্তাব মন্ত্রণালয় বরাবরে পাঠানো হয়েছে। দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।</td><td>চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং করতে হবে।</td><td>সহঃ প্রকৌশলী বরেন্দ্র কর্মকর্তা, পীরগঞ্জ।</td></tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| ২১ | উপজেলা আনসার ও ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা'র প্রতিনিধি সভায় জানান যে, রেল লাইন সুরক্ষার জন্য গত ১৮-১২-২০২৩ খ্রি: তারিখে ২০ কি:মি: রেলপথ সুরক্ষার জন্য মোট ১০ টি অস্থায়ী ক্যাম্পে ৭৮ জন আনসার ও ভিডিপি সদস্য মোতায়েন করা হয়। গত ০১-০২-২০২৪ খ্রি: তারিখে সরাকারি নির্দেশনা মোতাবেক ০৫ টি অস্থায়ী ক্যাম্পের মোট ৩৮ জন আনসার ও ভিডিপি সদস্য প্রত্যাহার করা হয়। বর্তমানে মোট ০৫ টি ক্যাম্পে ৪০ জন আনসার ও ভিডিপি সদস্যের ডিউটি চলমান রয়েছে। এছাড়াও দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং করতে হবে। | **উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, পীরগঞ্জ।** |
| ২২ | উপজেলা নির্বাচন বিভাগ | উপজেলা নির্বাচন কর্মকর্তা সভায় অনুপস্থিত। | আগামী সভা হতে নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | **উপজেলা নির্বাচন কর্মকর্তা, পীরগঞ্জ।** |
| ২৩ | পল্লী বিদ্যুৎ সমিতি, পীরগঞ্জ | ডিজিএম, পল্লীবিদ্যুৎ সমিতি সভায় জানান যে, আবাসিক ও বাণিজ্যিক সংযোগ ০৭ দিনের মধ্যে প্রদান করা হচ্ছে। সেচ ও শিল্প সংযোগ ১৮ দিনের মধ্যে প্রদান করা হচ্ছে (জামানত জমা ও লাইন নির্মাণ কাজ ব্যতীত)। বর্তমানে বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থা ভাল আছে। কোন লোড শেডিং নাই। সেচ মৌসুম গ্রীষ্মকাল ও পবিত্র মাহে রমজান মাসে কিছু লোড শেডিং হতে পারে। এছাড়াও দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং করতে হবে। | **ডিজিএম, পল্লী বিদ্যুৎ, পীরগঞ্জ।** |
| ২৪ | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর উপজেলা কার্যালয় | সহকারি প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর সভায় জানান যে, "ওমেন ই- কমার্স প্রফেশনাল" প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। ছয় (০৬) মাস ব্যাপী প্রশিক্ষণটি ইতোমধ্যে তিন (০৩) মাস অতিক্রম করেছে। ২৫ জন নারী প্রশিক্ষণার্থীদের আগামী ফেব্রুয়ারি মাসে ২৫ টি ল্যাপটপ প্রদান করা হবে।<br>তিনি আরোও জানান যে, কিছু দপ্তর ব্যতীত অধিকাংশ দপ্তরের পোর্টাল ১০০% হালনাগাদ নেই। ১০০% হালনাগাদ রয়েছে এমন দপ্তর সংখ্যা ০৬ টি। ৭১% -৯৯% হালনাগাদ রয়েছে এমন দপ্তর সংখ্যা ৩৩ টি। ৫১%-৭০% হালনাগাদ রয়েছে এমন দপ্তর সংখ্যা ০১ টি। ৫০% এর নীচে হালনাগাদ রয়েছে এমন দপ্তর সংখ্যা ০৪ টি। দপ্তর প্রধানদের দৃষ্টি আকর্ষণ করে তিনি জানান যে, স্ব স্ব দপ্তরের পোর্টাল হালনাগাদ নিশ্চিত করা অতীব জরুরী। এ সংক্রান্ত যে কোন সমস্যার সমাধানকল্পে উপজেলা আইসিটি অফিসে যোগাযোগ করার জন্য অনুরোধ জানানো হয়। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে বলে উল্লেখ করেন । | অতি শীঘ্রই সকল দপ্তরের পোর্টাল ১০০% হালনাগাদ করতে হবে। | **১) দপ্তর প্রধান (সকল)<br>২) সহকারি প্রোগ্রামার, পীরগঞ্জ।** |

| | | | | |
|---|---|---|---|---|
| ২৫ | **উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি), স্থানীয় সরকার বিভাগ** | ইউডিএফ সভায় জানান যে, ২০২১-২২ খ্রিঃ অর্থ বছরের ০৩ টি অবকাঠামো প্রকল্পের মধ্যে ০১ টি প্রকল্প সম্পন্ন হয়েছে ও ০১ টি প্রকল্পের কার্যক্রম চলমান রয়েছে এবং অপর প্রকল্পটি বাস্তবায়নের জন্য ঠিকাদারের সাথে যোগাযোগ করা হচ্ছে। এই বিষয়ে উপজেলা প্রকৌশলীকে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য অনুরোধ জানান। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং করতে হবে। | **উপজেলা পরিষদ, পীরগঞ্জ।** |
| ২৬ | **ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স** | স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন পীরগঞ্জ ঠাকুরগাঁও জানান যে, গত মাসে পীরগঞ্জ উপজেলায় মোট আগুনের সংখ্যা - ১০ টি আনুমানিক ক্ষতির পরিমাণ - ২,৪০,০০০/-, আনুমানিক উদ্ধারের পরিমাণ - ১০,৮০,০০০/- মোট দূর্ঘটনা - ০৮ টি, মোট আহত - ০৯ জন, নিহত - ০০০ জন। এছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনা হচ্ছে। | আগুন প্রবণতার ক্রম হ্রাসমান হার অব্যাহত রাখতে হবে। | **স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, পীরগঞ্জ।** |
| ২৭ | **তথ্যসেবা কেন্দ্র** | তথ্যসেবা আপা সভায় জানান যে, ডোর টু ডোর ৭৫০ জন সেবাগ্রহিতাকে সেবা প্রদান করা হয়েছে। মোট ০৩ টি উঠান বৈঠকের কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। আগামী ২৯ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিঃ তারিখে ০১ টি বিশেষ উঠান বৈঠক অনুষ্ঠিত হবে উদ্যোক্তাদের সমন্বয়ে। তথ্যকেন্দ্রের কার্যক্রম চলমান রয়েছে। | উঠান বৈঠকের মাধ্যমে মাদকাশক্তি, কুরুচিপূর্ণ কথা/আচরণ, মোবাইল আশক্তি জুয়াসহ অন্যান্য খারাপ দিকগুলি ও নিরাপদ খাদ্য, আইনগত সহায়তাসহ অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়ে জনগণের সচেতনতা বাড়াতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | **উপজেলা তথ্যসেবা আপা, পীরগঞ্জ।** |

উপজেলা ভাইস-চেয়ারম্যান জনাব সুকুমার রায় সভায়, সকল কমিটির কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

উপজেলা মহিলা ভাইস-চেয়ারম্যান জনাব ভারতী রাণী রায় সভায়, সকল দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

সভাপতি উপজেলা পরিষদ চেয়ারম্যান সভায়, সরকারি কর্মকর্তা-কর্মচারীদের সরকারি বিধি-বিধানের আলোকে জনগণের সেবায় নিয়োজিত থাকার জন্য আহবান জানান ও সকলের সুস্বাস্থ্য কামনা করেন।

আর অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আখতারুল ইসলাম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

**পীরগঞ্জ উপজেলা পরিষদ**
**পীরগঞ্জ, ঠাকুরগাঁও।**
**https://pirganj.thakurgaon.gov.bd**

নং- ৪৬.৫৫.৯৪৮২.০০৪.০৬.০০১.২৪-১৩(৫০)

তারিখ: ২৫ মাঘ ১৪৩০
০৮ ফেব্রুয়ারি ২০২৪

**বিতরণ : সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য-৫, ঠাকুরগাঁও-৩।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৪। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
৫। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।
৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, ঠাকুরগাঁও।
৭। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, ঠাকুরগাঁও।
৮। উপজেলা............................................................ (সকল) কর্মকর্তা, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
৯। চেয়ারম্যান,............................................ (সকল) ইউ.পি. পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
১০। জনাব,........................................................।

৮/২/২০২৪
(মোঃ রমিজ আলম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
পীরগঞ্জ উপজেলা পরিষদ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।